"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

উপজেলা পরিষদ কার্যালয়
পিরোজপুর সদর, পিরোজপুর

পিরোজপুর সদর উপজেলা পরিষদের জুলাই/২০২২ এর মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আলহাজ্ব মোঃ মজিবুর রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পিরোজপুর সদর, পিরোজপুর। |
| সভার তারিখ ও সময় | ঃ | ২১/০৭/২০২২ খ্রিঃ সকাল ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট- ক |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোন সংশোধণী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ ঃ<br>উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২২ অর্থ বছরে পিরোজপুর সদর উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। কাজের গুনগত মান সন্তোষজনক। সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়। | ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর প্রকল্পসমূহের জামানতের অর্থ ফেরত প্রদানের সময় সরজমিনে পরিদর্শন পূর্বক বিল প্রদানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বিগত মাসে<br>১। বিদ্যালয়, ক্লিনিক এবং উঠান সভার মাধ্যমে ১০,২৫৭ জনকে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়েছে।<br>২। ০২ টি খাদ্য নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য ঢাকার পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে।<br>৩। ২৪০ জন সন্দেহজনক রোগীর কফ পরীক্ষা করা হয়েছে । তন্মধ্যে ১১ জনের যক্ষ্মার জীবাণু পাওয়া গেছে ।<br>৪। এ উপজেলায় ১৭ টি কমিউনিটি ক্লিনিক চালু আছে। গত মাসে ৬৮৮৯ জনকে চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ১১৩ জনকে রেফার করা হয়েছে।<br>৫। ইপিআই টিকাদান কার্যক্রম রুটিন মাফিক সন্তোষজনক ভাবে পরিচালিত হচ্ছে।<br>০৬। ৬৫৫ জন রোগীকে আইএমসিআই চিকিৎসা প্রদান করা হয়েছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | কমিউনিটি ক্লিনিকগুলোতে নিয়মিত চিকিৎসা প্রদান এবং ইপিআই এর বিদ্যমান সমস্যা সমাধানে তৎপর হওয়াসহ ইউনিয়ন পরিষদ পরিচালনা নীতিমালা অনুযায়ী ইউনিয় পরিষদ কর্তৃক উন্নয়ন পরিকল্পনায় পরিবার পরিকল্পনা, মা শিশু স্বাস্থ্য বিষয়ক একটি ধারা অর্ন্তভুক্ত করা এবং চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখার বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষনের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। ৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, বিগত মাসে<br>১। মোট সক্ষম দম্পতি ঃ ২৮৭১৪ জন<br>মোট গ্রহনকারীর সংখ্যা ঃ ২২৯৮৬ জন<br>মোট গ্রহনকারীর হার ঃ ৮০.০৫%<br>২। স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ঃ<br>পুরুষ ঃ ০০ জন<br>মহিলা ঃ ১৬ জন<br>৩। আই ইউডি গ্রহনকারীর সংখ্যা ঃ ২৪ জন<br>ইমপ্লানন গ্রহনকারীর সংখ্যা ঃ ৫২ জন<br>ইনজেকটেবলস গ্রহনকারীর সংখ্যা ঃ ১০৮৮ জন<br>খাবার বড়ি বিতরন ঃ ৯৬০৫ ( চক্র)<br>আপন ঃ ৬৯৭ (চক্র)<br>কনডম বিতরন ঃ ১১৬৫১ পিস<br>মিসোপ্রস্টোজল ঃ ১৪৫ পিস<br>৪। ইউনিয়নের মোট গর্ভবতী সংখ্যা ঃ ১১০৫ জন<br>গর্ভবতী পরিচর্যা ঃ ৪৪৪ জন<br>ডেলিভারী ঃ স্বাভাবিক ১৯ জন<br>ঃ সিজারিয়ান ০১ জন<br>৫। প্রসবোত্তর পরিচর্যা ঃ ১২৮ জন<br>শিশু সেবা (০-৫) ঃ ১০৬০ জন<br>০৬। স্যাটেলাইট কেন্দ্রে উপস্থিতি ঃ ২৩ টি<br>সাধারন রোগী ঃ পুরুষ ঃ ৩৬২ জন<br>মহিলা ঃ ৩৪২১ জন<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে এবং মাসিক সভার কার্যপত্র সময়মত দাখিল করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| উপজেলা কৃষি অফিস ঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ বছর বোরো আবাদ হয়েছে ৪৭৬০ হেঃ। ধানের বর্তমান অবস্থা ভালো আছে। আশা করা যায় কৃষকগণ ভালো ফলন পাবে। পিরোজপুর সদর উপজেলায় ২০২২-২৩ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে ১০০০ জন কৃষককে আউশ ফসলের উপর কৃষি প্রনোদনা প্রদান করা হবে। বর্তমানে মাঠ পর্যায়ে খরিপ-১ মৌসুমের বীজ-সার সরবরাহ ও মূল্য পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। বিভাগীয় কাজ-কর্ম স্বাভাবিক গতিতে চলছে। কৃষি উৎপাদন বৃদ্ধি করার জন্য উপজেলা থেকে শুরু করে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণ নিরলসভাবে সেবা প্রদান করে যাচ্ছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে কৃষি বিভাগের সকল কার্যক্রমে সহায়তা ও তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা প্রাণী সম্পদ বিভাগ ঃ<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, বিগত মাসে<br>১। প্রতিষেধক টীকা প্রদান<br>(ক) গবাদী প্রাণিঃ- ১৫২০<br>(খ) হাঁসমুরগী- ৪১০০০<br>২। চিকিৎসা-<br>(ক) গবাদী প্রাণীঃ ১৮৩৮ টি<br>(খ) হাঁসমুরগী- ১৫৫১৯ টি<br>৩। রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষনাগারে প্রেরণঃ ০৭ টি<br>৪। ডিজেজ সার্ভিলেন্সঃ ০১ টি<br>৫। উঠান বৈঠকের আয়োজনঃ ০৭ টি<br>৬। উঠান বৈঠকে অংশগ্রহনকারীঃ ৭১ জন<br>৭। খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন-<br>(ক) গবাদি পশুর খামারঃ ০৩ টি<br>(খ) হাস-মুরগির খামারঃ ০১ টি | হাঁস-মুরগী ও গবাদি প্রানির খামারগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে এবং উৎপাদন বাড়াতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা। |

৮। ঘাস চাষ সম্প্রসারনঃ ৩২ শতক
৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শনঃ ১০ টি
১০। কৃত্রিম প্রজনন সম্প্রসারনঃ ২২০ টি
১১। শংকর জাতের গবাদি-পশুর বাছুরের তথ্য সংগ্রহঃ ৯৮ টি
এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্টভাবে পরিচালিত হচ্ছে।

উপজেলা মৎস্য বিভাগ ঃ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদযাপন উপলক্ষে সাত দিন ব্যাপি বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে সাংবাদিক সম্মেলন, মাইকিং এর মাধ্যমে প্রচার প্রচারনা, উদ্বোধনী ও আলোচনা অনুষ্ঠান, পোনা মাছ অবমুক্তকরন, বর্তমান সরকারের অগ্রগতি ও প্রমান্যচিত্র প্রদর্শন, মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময় সভা, মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনাসহ মৎস্য সপ্তাহের মূল্যায়ন মৎস্য পুরষ্কার প্রদান ও সমাপনী অনুষ্ঠান। উক্ত অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়নের জন্য সকলের একান্ত সহযোগীতা কামনা করেন।

মৎস্য সুরক্ষা ও মৎস্য আইন জোরদার করনে অত্র উপজেলার কচাঁ, বলেশ্বর ও কালিগঙ্গা নদীতে অভিযান ও মোবাইল কোর্ট কার্যক্রম চলমান রয়েছে। এ সময় বিভিন্ন প্রকারের অবৈধ জাল জব্দ করে জনসম্মুখে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। উল্লেখ্য যে, বিষ প্রয়োগে মাছ ধরা ও মশারি জাল দ্বারা রেনু পোনা ধ্বংসের মাধ্যমে মৎস্য সম্পদের ব্যাপক ক্ষতি সাধন করা হচ্ছে। এ লক্ষে ব্যাপক প্রচার প্রচারনা ও সচেতনতা সৃষ্টির মাধ্যমে মৎস্য রক্ষা কার্যক্রমকে সামাজিক আন্দোলনে রুপ দিতে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন।

তার দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদযাপন উপলক্ষে সাত দিন ব্যাপি বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে সকলকে সহায়তা করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ করা হয় এবং সকল কার্যক্রম সুষ্টুভাবে তদারকি করতে হবে এবং মাসিক সভার কার্যপত্র সময়মত দাখিল করতে হবে।

উপজেলা মৎস্য কর্মকর্তা

উপজেলা সমাজ সেবা বিভাগ ঃ

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, প্রতিবন্ধি শনাক্তকরন জরিপ কর্মসূচী একটি চলমান প্রক্রিয়া, যদি কোন প্রতিবন্ধী ব্যক্তি জরিপে অংশগ্রহণ করে থাকে তাহলে উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগী মৃত্যুবরন করলে তদস্থলে নতুন ভাতাভোগী নির্বাচন করতে হয়। এ জন্য মৃত ব্যক্তির মৃত্যু সনদ অতি জরুরী। এ বিষয়ে প্রতি মাসে মৃত ভাতাভোগীর সনদ ও তালিকা সমাজসেবা অফিসে প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। ২০২১-২২ অর্থ বছরে ভাতাভোগীদের ৪র্থ কিস্তির ভাতার অর্থ পদ্ধতিতে বিকাশের মাধ্যমে প্রদান করা হচ্ছে।

উপজেলা সমাজসেবা অফিসের চলমান কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ-

| ক্র নং | কার্যক্রমের নাম | উপকারভোগীর সংখ্যা | ৩য় কিস্তি (মার্চ/২২-জুন/২২) পর্যন্ত ভাতা প্রদান | অবশিষ্ঠ উপকারভোগীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | বয়স্ক ভাতা প্রদান | ৫৩৫০ | ৫৩৫০ | ০০০ | |
| ২ | বিধবা ও স্বামী নিগৃহিতা দুস্থ্য মহিলা ভাতা | ৩৮২৯ | ৩৮২৯ | ০০০ | |
| ৩ | অসচ্চল প্রতিবন্ধী ভাতা | ১৮৮৭ | ১৮৮৭ | ০০০ | |
| ৪ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান | ৭৫ | ৭৫ | ০০০ | |
| | | ১১,০৬৬ | ১১,০৬৬ | ০০০ | |

এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

উপকারভোগীদের ডাটা এন্ট্রির কাজে প্রয়োজনীয় সকল কাগজপত্র সংগ্রহে এবং বয়স্ক, বিধাব এবং প্রতিবন্ধীভাতাভোগী মৃত্যুবরন করলে তদস্থলে নতুন ভাতাভোগী নির্বাচনের লক্ষ্যে দ্রুত মৃত্যু সনদ প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে সহযোগীতা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা সমাজসেবা অফিসার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের ইউনিক আই.ডি তৈরীর কার্যক্রম শুরু হয়েছে। উক্ত আই.ডি তৈরী করতে শিক্ষার্থীদের অবশ্যই বাংলা এবং ইংরেজী ভার্সনের জন্য নিবন্ধন সনদ প্রয়োজন হয়। শিক্ষার্থীর

শিক্ষার্থীদের ইউনিক আই.ডি তৈরীর ক্ষেত্রে শিক্ষার্থীদের বাংলা এবং ইংরেজী ভার্সনের জন্য নিবন্ধন সনদ দ্রুত পেতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল) ও পৌরসভার মেয়র মহোদয়কে সভায়

উপজেলা শিক্ষা কর্মকর্তা।

| | | |
|---|---|---|
| অভিভাবকগন যাতে ইউনিয়ন পরিষদ/পৌরসভা থেকে দ্রুত জন্ম নিবন্ধন সনদ পেতে পারে তার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও পৌরসভার মেয়র মহোদয়কে অনুরোধ করা হয়।<br><br>এছাড়া উপজেলা শিক্ষা অফিসের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | অনুরোধ করা হয়। | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অত্র বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে এবং মাসিক সভার কার্যপত্র সময়মত দাখিল করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে পিরোজপুর সদর উপজেলায় ঈদ-উল-আযহা উপলক্ষে ৮,৭৯৮ টি পরিবারের মধ্যে ১০ কেজি হারে ৮৭.৮৯ মে.টন চাল বিতরন করা হয়েছে। এছাড়া গ্রামীন অবকাঠামো উন্নয়ন (টি.আর) ও গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (কাবিখা) কর্মসূচীসহ অন্যান্য বরাদ্দ এখন পর্যন্ত পাওয়া যায় নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ২০২২-২৩ অর্থ বছরে পিরোজপুর সদর উপজেলায় গ্রামীন অবকাঠামো উন্নয়ন (টি.আর) ও গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (কাবিখা) কর্মসূচীসহ অন্যান্য বরাদ্দ পাওয়া সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে এবং মাসিক সভার কার্যপত্র সময়মত দাখিল করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে জুলাই/২২ ইং মাসে প্রাতিষ্ঠানিক ও অপ্রতিষ্ঠানিক ঋণ বিতরন করা হয় নাই। আগামী আগষ্ট/২২ ইং মাস থেকে অপ্রতিষ্ঠানিক প্রশিক্ষন শুরু হবে। চলমান আদায়ের হার ৯৩%। ক্রমঃ আদায়ের হার ৯৭%। বর্তমানে ৭,৬২,৮৫২/- টাকা ঋণ খেলাপী রয়েছে। এছাড়া অত্র বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রমে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে। খেলাপি ঋণের টাকা আদায় সচেষ্ট হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ ঃ<br>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে এখন পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যায় নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বরাদ্দকৃত গভীর নলকূপ ও রেইন ওয়াটার হারভেটিংসহ সকল প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষে তদারকির জন্য সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| উপজেলা সমবায় বিভাগ ঃ<br><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে তদারকি ও সকল সমবায় সমিতি যথাসময়ে অডিট সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে এবং মাসিক সভার কার্যপত্র সময়মত দাখিল করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা খাদ্য বিভাগঃ<br><br>উপজেলা খাদ্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| উপজেলা তথ্য সেবা বিভাগঃ<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা জানান যে, জুন মাসে ডোর টু ডোর সেবাগ্রহীতার সংখ্যা-৬০০ জন। তথ্য কেন্দ্রে সেবাগ্রহীতার সংখ্যা- ১০০ জন। উঠান বৈঠক- ১০ টি এবং উঠান বৈঠকে সেবা গ্রহীতার সংখ্যা ৫০০ জন।<br>এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা |

বিবিধ -১ ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে পিরোজপুর সদর উপজেলা পরিষদের অভ্যন্তরে কোয়ার্টার (শিমুল ও পলাশ) সংস্কার এর অভাবে বসবাসের অযোগ্য হয়ে পরেছে। এমতাবস্থায় উক্ত কোয়ার্টার দুইটি সংস্কার করা একান্ত প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ- বিস্তারিত আলাপ-আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০ এর ৫(ক) বিধান সাপেক্ষে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষন/রংকরন খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কোয়ার্টার (শিমুল ও পলাশ) সংস্কার করার সিদ্ধান্ত এবং উক্ত কাজ বাস্তবায়নের জন্য নিম্নে উল্লেখিত ০১ (এক) টি প্রকল্প এবং ০১ (এক) টি প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

প্রকল্পঃ- উপজেলা পরিষদ কোয়ার্টার (শিমুল ও পলাশ) সংস্কার।

বরাদ্দঃ- ২,০০,০০০/- টাকা খাতঃ-রাজস্ব তহবিল

প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ-

| ক্রঃ নং | নাম | পেশা | পদবী |
|---|---|---|---|
| ০১. | মোঃ রিয়াজ হোসেন উজ্জল | ইউপি সদস্য | সভাপতি |
| ০২. | মোঃ শামসুল হক দরানী | ব্যবসায়ী | সদস্য |
| ০৩. | ডাঃ আমজাদ হোসেন | সমাজসেবক | সদস্য |
| ০৪. | মোঃ জাকির হোসেন | গন্যমান্য | সদস্য |
| ০৫. | হেমায়েত হোসেন | শিক্ষক | সদস্য |
| ০৬. | নজরুল খান | সমাজসেবক | সদস্য |
| ০৭. | মশিউর রহমান বাবলু | ব্যবসায়ী | সদস্য |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( আলহাজ্ব মোঃ মজিবুর রহমান )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পিরোজপুর সদর, পিরোজপুর।
ফোনঃ ০৪৬১-৬৩৩২০, মোবাঃ ০১৭১৪-১০১২১৩
ইমেইলঃ uzp.pirojpursadar@gmail.com

স্মারক নং- ০৫.১০.৭৯৮০.০০০.১৬.০০১.২০২২-

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২২ খ্রি

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব শ. ম. রেজাউল করিম, মাননীয় মন্ত্রী, মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও সংসদ সদস্য, পিরোজপুর-১।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল।
৫। জেলা প্রশাসক, পিরোজপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, পিরোজপুর।
৭। মেয়র, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পিরোজপুর সদর, পিরোজপুর।
৮। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পিরোজপুর সদর, পিরোজপুর।
৯। উপজেলা ------------------------------ অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর।
১০। চেয়ারম্যান ------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), পিরোজপুর সদর, পিরোজপুর।
১১। অফিস কপি।

২৪/৭/২২

(মরিয়ম জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
পিরোজপুর সদর, পিরোজপুর।
ই-মেইলঃ unopirojpur@mopa.gov.bd